মহামারী মোকাবিলার প্রস্তুতি পরিকল্পনার তথ্য

পিল বোর্ডের মহামারী মোকাবিলার পরিকল্পনার লক্ষ্য হল ছাত্রছাত্রী ও কর্মীদের সুরক্ষিত রাখা

মহামারী কি ?

মহামারী হল যে কোনো সংক্রামক রোগ যা দ্রুত ছড়ায়। মহামারীর আকার নিতে পারে এরকম একটি রোগ হল ইনফ্লুয়েঞ্জা - যখন কোনো নতুন ধরণের জ্বরের ভাইরাসের আবির্ভাব হয় এবং তা অতি দ্রুত চারপাশে ছড়াতে থাকে তখন ভাইরাস দ্বারা সংক্রামিত শ্বাসপ্রশ্বাস জনিত রোগের প্রাদুর্ভাব এবং সংক্রমণ ঘটতে থাকে। এই নতুন ভাইরাসের বিরুদ্ধে মানুষের প্রতিরোধ ক্ষমতা খুবই অল্প বা একেবারেই নেই।

মহামারী কখন দেখা দেবে ?

বিশেষজ্ঞরা নির্ণয় করতে পারেন নি যে পরবর্তী মহামারী কখন ঘটতে চলেছে, অতীত ইতিহাস অনুযায়ী প্রতি ১০০ বছরে তিন থেকে চারবার মহামারীর প্রকোপ দেখা গেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা, কেন্দ্রীয়, প্রাদেশিক ও স্থানীয় স্তরের সংশ্লিষ্ট সংস্থাগুলি মহামারী মোকাবিলার প্রস্তুতি পরিকল্পনা শুরু করে দিয়েছে।

কত লোক প্রভাবিত হবে ?

বিশেষজ্ঞরা বলছেন মহামারী চলাকালীন কোনো এক সময়ে চল্লিশ থেকে ষাট শতাংশ কর্মীর কাজে না আসার সম্ভাবনা রয়েছে। বহু সংখ্যক কর্মীর অনুপস্থিতি পিল বোর্ডের কিছু কিছু পরিসেবা বন্ধ করার কারণ হতে পারে।

মহামারীর বিষয়ে পিল বোর্ডের কি পরিকল্পনা রয়েছে ?

মহামারী রুখতে পিল বোর্ড উত্তমরূপে প্রস্তুত। ২০০৫-২০০৬ স্কুলবর্ষে, বোর্ড তার স্কুল এবং অন্যান্য কর্মস্থলগুলির জন্য মহামারী মোকাবিলার একটি পরিকল্পনা প্রস্তুত করে। পিল বোর্ড পিল হেল্থ ,শিক্ষাদপ্তর এবং নিজের কর্মীদের ফেডারেসন ও ইউনিয়নের সাথে ঘনিষ্টভাবে কাজ করেছে এই পরিকল্পনা প্রস্তুতিতে।

অন্টারিওতে মহামারীর একটি ঘটনাও নিশ্চিত হলে, পিল বোর্ড তার নিজস্ব মহামারী বিষয়ক পরিকল্পনাটিকে কার্যকরী করে তুলবে। মহামারীর সময়ে প্রাদেশিক ও স্থানীয় জনস্বাস্থ্য দপ্তরের যে সমস্ত কর্মীদের কোনো একটি বিশেষ অবস্থায় জনস্বাস্থ্যের ব্যাপারে কতটা ঝুঁকি আছে তা নির্ধারণ করার বিশেষজ্ঞতা আছে, তাদের উপদেশ এবং নির্দেশ অনুসরণ করবে।

মহামারীর সময়ে আমাদের প্রধান উদ্দেশ্য স্কুল ততক্ষণ খুলে রাখা যতক্ষণ স্কুল খুলে রাখাটা নিরাপদ মনে হবে যদি না অন্টারিওর জনস্বাস্থ্য আধিকারিক অন্য কোনো নির্দেশ দিয়ে থাকেন। যদি কর্মী ও ছাত্রছাত্রীদের স্বাস্থ্য উদ্বেগের কারণ হয় তবে পিল বোর্ড স্কুল এবং অন্যান্য কর্মস্থলগুলি বন্ধ করে দেওয়ার কথা ভাববে।

মহামারীর সময়ে রোজকার কাজকর্ম কি অব্যাহত থাকবে?

অন্টারিওর বাইরে মহামারী ঘোষিত হলে পিল বোর্ড তার নিয়মিত পরিসেবা বজায় রাখবে এবং রোজকার কাজ অব্যাহত থাকবে। অন্টারিওতে একবার মহামারী ঘোষিত হলে, বোর্ড তার মহামারী মোকাবিলার পরিকল্পনা সূচীকে সক্রিয় করবে। এর ফলে অনেক কর্মসূচী অব্যাহত থাকলেও অন্যভাবে কার্যকরীহবে। অন্টারিও-এ মহামারী ঘোষণাকালীন সময়ে স্কুল পুরোপুরি খোলা থাকলেও স্বাভাবিক কর্মসূচীও পরিসেবাগুলি পূর্ণ মাত্রায় বজায় রাখা নাও যেতে পারে।

অন্টারিওতে মহামারী ঘোষণাকালীন সময়ে কি কি কাজকর্ম অব্যাহত থাকবে?

উপরে যেমন বলা হয়েছে, অন্টারিও-এ মহামারী ঘোষণাকালীন সময়ে অনেক কর্মসূচী অব্যাহত থাকবে। এই সমস্ত কর্মসূচী একেবারে ভিন্নরকমভাবে চলার ফলে নিয়মিত পরিসেবা পুরোমাত্রায় চালানো যাবে না। আমরা আশা করছি নিম্নলিখিত কর্মসূচীগুলি যতক্ষণ পর্যন্ত উপযুক্ত মনে হবে ততক্ষণ পর্যন্ত অব্যাহত রাখা যাবে:

নির্দেশনা, মূল্যায়ণ এবং বিবরণ পেশ করা

ছাত্রছাত্রী পরিবহণ - স্কুল খোলা থাকাকালীন বাস স্বাভাবিক সময়সূচী অনুসরণ করবে
বাচ্চাদের দেখাশোনা - ব্যবস্থা খোলা থাকবে যদি না বিপজ্জনক হয়
সাময়িক শিক্ষক/শিক্ষিকা - পরিচালকমণ্ডলী স্কুলগুলিতে অনূপস্থিত শিক্ষক/শিক্ষিকাদের জায়গাগুলি উপযুক্তভাবে পূরণ করবার এবং তত্ত্বাবধান বজায় রাখবার জন্য সাময়িক শিক্ষক/শিক্ষিকাদের নিয়ে আসতে সমর্থ হবেন
স্বেচ্ছাসেবক/স্বেচ্ছাসেবিকা - এ ব্যাপারে পিল স্কুলের সচরাচর প্রথাগুলি নিয়মিতভাবে খতিয়ে দেখা হবে
কফিখানা পরিসেবা এবং আতিথেয়তা বিষয়ক কর্মসূচী
রক্ষণাবেক্ষণ সম্পর্কিত পরিসেবা - তাপ সরবরাহ, শীততাপ নিয়ন্ত্রণ, জল, বিদ্যুৎ ও কমপিউটার সংক্রান্ত মেরামত সমেত অন্যআরও কিছু
জঞ্জাল জড়ো করা
ব্যবস্থাপত্রের নিরাপত্তা - স্কুল যদি বন্ধ থাকে, তবে অতিরিক্ত নিরাপত্তা কর্মীদ্বারা পাহাড়ার বন্দোবস্ত থাকবে
বোর্ডের আয়োজিত সভা - আরও ঘন ঘন আয়োজিত হবে এবং বৈদ্যুতিন উপায়ে
সংকটজনক ঘটনা মোকাবিলাকারী দল - কার্যকরী হবে, তবে প্রচলিত রীতি মেনে নয়
সাজসরঞ্জাম আনানো
অভ্যন্তরীণ ডাক এবং ছাপানো

কি কি কাজকর্ম স্থগিত রাখা হবে অন্টারিও তে মহামারী ঘোষিত হলে ?

মহামারী চলাকালীন সময়ে আমাদের এলাকার সবচেয়ে প্রয়োজনীয় পরিসেবাগুলি বজায় রাখতে নিম্নলিখিত কর্মসূচীগুলি স্থগিত রাখা হবে:

পাঠক্রমের অতিরিক্ত কর্মসূচী
স্কুল থেকে আয়োজিত খাবারের কর্মসূচী- যেমন পিৎজা খাওয়ার দিন
শিক্ষামূলক ভ্রমণ/পর্যটন- সমস্ত শিক্ষামূলক ভ্রমণ/পর্যটন এমনকি যেগুলির পরিকল্পনা ইতিমধ্যে হয়ে গেছে এবং ছাত্রছাত্রীদের বাড়ি থেকে টাকাপয়সা দেওয়া হয়ে গেছে সেগুলিও বাতিল করা হবে
স্কুল পরিষদের সভা - স্কুল পরিষদের সভাপতির সাথে অধ্যক্ষ/ অধ্যক্ষা নিয়মিত যোগাযোগ রাখবেন
শিক্ষকতা পেশা সম্প্রসারণ সংক্রান্ত কর্মসূচী
কর্মীদের সভা - যে সমস্ত সভার জন্য পরিচালকমণ্ডলীও কর্মীদের স্কুলের বাইরে যেতে হয় সেগুলি বাতিল করা হবে অথবা দূরভাষের সাহায্যে অধিবেশন চালানো হবে
স্কুল শেষ হয়ে যাওয়ার পরের সময়ের অনুমতিপত্র - স্কুলের সুযোগসুবিধাগুলি ব্যবহার করবার বর্তমান ও নতুন অনুমতিপত্র
অবিরাম শিক্ষাসূচী- রাতের স্কুল, গ্রীষ্মকালীন স্কুল এবং আন্তর্জাতিক ভাষার কর্মসূচী
স্থানীয় এলাকার স্কুল ব্যবহার - স্কুলের শেষে কর্মসূচী/স্থানীয় এলাকার স্কুল গুলিতে প্রবেশাধিকার
বাড়ি থেকে পড়াশুনা

অন্টারিওতে মহামারী ঘোষিত হলে পিল বোর্ড কিভাবে তার কর্মী ও স্থানীয় অধিবাসীদের তথ্য সরবরাহ করবে?

পিল বোর্ড তার সমস্ত কর্মী, ছাত্রছাত্রী, অভিভাবক ও স্থানীয় এলাকার সদস্যদের পিল বোর্ডের পরিকল্পনাগুলি সম্পর্কে অবহিত রাখবে। পিল বোর্ড একটি ব্যাপক তথ্য সরবরাহের পরিকল্পনা সম্প্রসারিত করেছে যাতে সংশ্লিষ্ট সকলকে অন্টারিওর বাইরে মহামারী ঘোষনার আগে, মহামারী ঘোষনাকালীন সময়ে এবং মহামারীর ঘটনা অন্টারিওতে নিশ্চিত হলে তথ্য সরবরাহ করা যায়।

অন্টারিওতে মহামারী ঘোষিত হলে দুটি প্রধান উৎস পিল বোর্ডের ওয়েবসাইট www. peelschools.org এবং মহামারী সংক্রান্ত টেলিফোন লাইন মারফৎ বোর্ড সামগ্রীক তথ্য অথবা স্কুলগুলির অবস্থা সম্পর্কে অবহিত করবে।

আগামী দিনগলিতে আমরা মহামারী মোকাবিলার পরিকল্পনার উপর কাজ করে যাব এবং আপনাদের নতুন তথ্যাদি সরবরাহ করে যাব।